'শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সড়ক নং ১২/এ, বাড়ি নং ৪৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmedutrust.gov.bd; ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

নং- ৩৭.২৪.০০.০০০.০৬.০০৪(অংশ-১).২০১৪- ৪২৯৬ তারিখ: ১০--মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
২৩-জানুয়ারি, ২০১৮ খিস্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ড এর সপ্তম সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোস্তাফিজুর রহমান এম.পি.
মাননীয় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী
ও
সহ-সভাপতি, ট্রাস্টি বোর্ড, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

সভার তারিখ : ১৮ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ, রোজ বৃহস্পতিবার

সময় : দুপুর ২.০০ মিনিট

সভার স্থান : শিক্ষা মন্ত্রণালয় এর সভা কক্ষ
[কক্ষ নং-১৮৮৫, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা]

সভার উপস্থিতি : পরিশিষ্ট -"ক" তে সংযুক্ত করা হলো।

সভাপতি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ড এর উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২.০। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ড এর সহ-সভাপতি ও মাননীয় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী জনাব মোস্তাফিজুর রহমান এম.পি.'র অনুমতিক্রমে ট্রাস্টি বোর্ড এর সদস্য-সচিব ও ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), জনাব মো: নূরুল আমিন সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| **২.১** | **ট্রাস্টি বোর্ড এর ষষ্ঠ সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:**<br>০৩ আগস্ট, ২০১৭ তারিখে শিক্ষামন্ত্রী, জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. মহোদয়ের সভাপতিত্বে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ড এর ষষ্ঠ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন এর প্রয়োজন নেই মর্মে উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন। | ০৩ আগস্ট, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ড এর ষষ্ঠ সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | ব্যবস্থাপনা পরিচালক প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। |
| **২.২** | **উপদেষ্টা পরিষদ এর ৪র্থ সভার কার্যবিবরণীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>২৩ এপ্রিল, ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে চামেলী, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকায় উপদেষ্টা পরিষদ এর অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী সর্ম্পকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, উপদেষ্টা পরিষদ এর ৪র্থ সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। এ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। | ২৩ এপ্রিল, ২০১৭ তারিখে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদ এর ৪র্থ সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিতে সভায় সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন। | ব্যবস্থাপনা পরিচালক প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। |
| **২.৩** | **২০১৭ সালের কার্যক্রম পর্যালোচনা:**<br>ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, জেলা পর্যায়ে অনুষ্ঠিত 'নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয়' শীর্ষক ২৭টি কর্মশালা সম্পন্ন হয়েছে। এর আলোকে সমন্বিত সুপারিশমালা পুস্তিকা আকারে প্রকাশ করে সংশ্লিষ্ট অফিসসমূহে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।<br><br>তিনি সভাকে জানান যে, ২০১৭ সালে ৯১ জন দরিদ্র ও মেধাবী মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) ও সমপর্যায়ের শিক্ষার্থীর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা হিসেবে ২,১১,০০০.০০ (দুই লক্ষ এগার হাজার) টাকা এবং ০৫ জন দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর মধ্যে এককালীন আর্থিক অনুদান হিসেবে ১,০৫,০০০.০০ (এক লক্ষ পাঁচ হাজার) টাকা প্রদান করা হয়েছে।<br><br>তিনি সভাকে আরও জানান যে, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর সাথে ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৭-২০১৮ সম্পাদিত হয়েছে। এর আলোকে কর্মসম্পাদিত হচ্ছে। | ২০১৭ সালে ট্রাস্ট এর কার্যক্রম সফলভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক ট্রাস্ট এর কার্যক্রমে আরও গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়। | সচিব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। |

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরও জানান যে, ২০১৭ সালে ট্রাস্ট এর কর্মকর্তা-কর্মচারীদের 'অফিস ব্যবস্থাপনা' শীর্ষক ০৩(তিন) দিনের ০২ (দুই)টি অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হয়েছে। এ ছাড়াও, জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১৫ আগস্ট, ২০১৬ তারিখে র‍্যালি ও জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণসহ দিবসের উপর গুরুত্বারোপ করে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। ট্রাস্ট এর কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭ প্রকাশ করে সংশ্লিষ্ট অফিসসমূহে বিতরণ করা হয়েছে। | | |
| ২.৪ | **২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থবছরের উপবৃত্তি বিতরণ কার্যক্রম পর্যালোচনা:**<br>ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, ১৩ জুলাই, ২০১৭ তারিখে ২০১৫-২০১৬ অর্থবছরের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২,৪৭,৮৩৩ (দুই লক্ষ সাতচল্লিশ হাজার আটশত তেত্রিশ) জন শিক্ষার্থীর (১,৮৬,৭১৪ জন ছাত্রী ও ৬১,১১৯ জন ছাত্র) মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ১৩৪,২৪,৩২,৯৮০.০০ (একশত চৌত্রিশ কোটি চব্বিশ লক্ষ বত্রিশ হাজার নয়শত আশি) টাকা ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেড এর মোবাইল ব্যাংকিং 'রকেট' এর মাধ্যমে বিতরণ করা হয়েছে।<br>তিনি সভাকে আরও জানান যে, ২০১৮ সালে ২০১৬-২০১৭ অর্থবছরের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের সম্ভাব্য ৩,১০,০০০ (তিন লক্ষ দশ হাজার) জন শিক্ষার্থীদের (২,৩১,৫০০ জন ছাত্রী ও ৭৮,৫০০ জন ছাত্র) মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বাবদ প্রায় ১৬০,০০,০০,০০০.০০ (একশত ষাট কোটি) টাকা প্রদান করার প্রয়োজন হবে। ইতোমধ্যে তাদের তালিকা নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা হয়েছে।<br>আলোচনায় অংশগ্রহণ করে ঢাকা কলেজ এর অধ্যক্ষ মহোদয় উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে স্নাতক (পাস) শ্রেণির শিক্ষার্থীদের পাশাপাশি স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদেরও অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন।<br>এ পর্যায়ে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ এর অধ্যক্ষ মহোদয় সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি শিক্ষার শিক্ষার্থীদেরও উপবৃত্তির অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন।<br>মাননীয় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বিষয়টি ব্যাখা করার জন্য ব্যবস্থাপনা পরিচালককে অনুরোধ করলে, তিনি সভাকে জানান যে, ট্রাস্ট আইনে স্নাতক (পাস) শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে সাধারণ শিক্ষার পাশাপাশি মাদরাসা শিক্ষার শিক্ষার্থীদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি আরও বলেন যে, অন্যান্য প্রস্তাবগুলো পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তীতে সভায় উপস্থাপন করা হবে। | ক) ২০১৭ সালে ২,৪৭,৮৩৩ শিক্ষার্থীর মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ১৩৪,২৪,৩২,৯৮০.০০ টাকা বিতরণ ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>খ) প্রস্তাবিত অন্যান্য বিষয়গুলো পরীক্ষা-নিরীক্ষা পূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সচিব<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>এবং<br>ব্যবস্থাপনা পরিচালক<br>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। |
| ২.৫ | **ট্রাস্ট ফান্ড সংগ্রহের বিষয়ে আলোচনা:**<br>আলোচনার এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক সভাকে বলেন যে, গত ২৩ এপ্রিল, ২০১৭ তারিখে উপদেষ্টা পরিষদ এর ৪র্থ সভায় ২০১৫-২০১৬ অর্থবছরে উপবৃত্তি বাবদ ১৫২,১৫,১৮,০৪০.০০ টাকা বিতরণের সিদ্ধান্ত হলেও, তথ্য যাচাই-বাছাই করে ১৩৪,২৪,৩২,৯৮০.০০ টাকা বিতরণ করা হয়েছে। ফলে, ১৮.০০ কোটি টাকা কম ব্যয় হয়েছে। ২০১৮ সালে ২০১৬-২০১৭ অর্থবছরের উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ১৬০.০০ কোটি টাকা প্রদানের কার্যক্রম চলমান আছে। ২০১৬-২০১৭ অর্থবছরের উপবৃত্তি বাবদ প্রদেয় অর্থ ট্রাস্টে জমা থাকলেও, ২০১৭-২০১৮ অর্থবছরের উপবৃত্তি প্রদানের জন্য ১৭০.০০ কোটি টাকা প্রয়োজন হবে। কিন্তু ট্রাস্টে উক্ত অর্থবছরে লভ্যাংশসহ অব্যয়িত থাকবে ৭০.০০ কোটি টাকা। অর্থাৎ, আরও ১০০.০০ কোটি টাকা বেশি প্রয়োজন হবে। সে কারণে ট্রাস্ট ফান্ড সংগ্রহ করা প্রয়োজন।<br>এ পর্যায়ে সভার সভাপতি ও মাননীয় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বলেন যে, বিগত বছরের ন্যায় এবারও মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ট্রাস্ট ফান্ড সংগ্রহের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে শিক্ষামন্ত্রী মহোদয় আলোচনা করতে পারেন। | মাননীয় প্রধানমন্ত্রীর সাথে মাননীয় শিক্ষামন্ত্রী আলোচনা করে এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। | সচিব<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>এবং<br>ব্যবস্থাপনা পরিচালক<br>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। |

| | | | |
|---|---|---|---|
| ২.৬ | **ই-স্টাইপেন্ড কর্মপরিকল্পনা ও বাজেট অনুমোদন:**<br>ব্যবস্থাপনা পরিচালক সভাকে বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ ও a2i, প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে ডিজিটাল বাংলাদেশ (সোনার বাংলা) গড়ার প্রত্যয়ে 'ই-সার্ভিস ডিজাইন ও পরিকল্পনা' শীর্ষক কর্মসূচীর মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের প্রক্রিয়া সহজীকরণের জন্য 'ই-স্টাইপেন্ড কর্মপরিকল্পনা' প্রণয়ন করা হয়েছে।<br><br>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর 'ই-স্টাইপেন্ড কর্মপরিকল্পনা' সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ট্রাস্টি বোর্ড এর সদস্য ও a2i, প্রধানমন্ত্রীর কার্যালয় এর সাথে আলোচনা করে ভ্যাট ও উৎসে কর কর্তনসহ ৭৬,৭১,৫৯২.০০ (ছিয়াত্তর লক্ষ একাত্তর হাজার পাঁচশত বিরানব্বই) টাকার একটি সম্ভাব্য বাজেট পি.পি.আর. ২০০৮ অনুসরণপূর্বক তৈরী করা হয়েছে। উক্ত কাজটি দরপত্র আহবানের মাধ্যমে করা হবে বিধায় এফ.ডি.আর. এর লভ্যাংশ থেকে উল্লিখিত পরিমাণ অর্থ খরচ করা যেতে পারে।<br><br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, ই-স্টাইপেন্ড সার্ভিস ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে একটি যুগান্তকারী পদক্ষেপ। এর মাধ্যমে সেবা সহজীকরণ হবে।<br><br>উপস্থিত সকলে দরপত্র আহ্বানের মাধ্যমে কাজটি করার পক্ষে মত প্রকাশ করেন। | ই-স্টাইপেন্ড কর্মপরিকল্পনা ও ৭৬,৭১,৫৯২.০০ টাকার বাজেট অনুমোদন করা হয়। পি.পি.আর. অনুযায়ী দরপত্র আহ্বানের মাধ্যমে কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এর ব্যয় এফ.ডি.আর. এর লভ্যাংশ থেকে সংস্থান করা হবে। | সচিব<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>এবং<br>ব্যবস্থাপনা পরিচালক<br>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। |
| ২.৭ | **উপবৃত্তির অর্থ বিতরণ প্রক্রিয়া:**<br>ব্যবস্থাপনা পরিচালক সভাকে জানান যে, ২০১৭ সালে ২০১৫-২০১৬ অর্থবছরের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২,৪৭,৮৩৩ (দুই লক্ষ সাতচল্লিশ হাজার আটশত তেত্রিশ) জন শিক্ষার্থীর মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ১৩৪,২৪,৩২,৯৮০.০০ (একশত চৌত্রিশ কোটি চব্বিশ লক্ষ বত্রিশ হাজার নয়শত আশি) টাকা ডাচ্‌বাংলা ব্যাংক লিমিটেড এর মোবাইল ব্যাংকিং 'রকেট' এর মাধ্যমে বিতরণ করা হয়েছে।<br><br>এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, ২০১৮ সালে ২০১৬-২০১৭ অর্থবছরের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের সম্ভাব্য ৩,১০,০০০ জন শিক্ষার্থীর মধ্যে প্রায় ১৬০,০০,০০০.০০০ টাকা উপবৃত্তি ও টিউশন ফি বাবদ বিতরণের জন্য দরপত্র আহ্বান করা যেতে পারে। দরপত্র আহবানের মাধ্যমে অর্থ বিতরণ প্রক্রিয়া সম্পন্ন করলে প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা অনেকাংশে বৃদ্ধি পাবে।<br><br>আলোচনায় অংশগ্রহণ করে কারিগরি শিক্ষা অধিদপ্তর এর মহাপরিচালক বলেন যে, পি.পি.আর. অনুযায়ী উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের জন্য দরপত্র আহ্বান করা যেতে পারে।<br><br>Open Tender এর মাধ্যমে উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ শিক্ষার্থী ও প্রতিষ্ঠানে বিতরণের পক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর অতিরিক্ত সচিব (উন্নয়ন) তাঁর মতামত ব্যক্ত করেন। | উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ Open Tender আহ্বানের মাধ্যমে বিতরণ করা হবে। | সচিব<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>এবং<br>ব্যবস্থাপনা পরিচালক<br>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। |
| ২.৮ | **'নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয়' শীর্ষক জেলা পর্যায়ে ১০টি কর্মশালা আয়োজন:**<br>ব্যবস্থাপনা পরিচালক সভাকে বলেন যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উদ্যোগে 'নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয়' শীর্ষক ২৭টি জেলায় ইতোমধ্যে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালা আয়োজনের মাধ্যমে ট্রাস্ট এর কার্যক্রম যেমন স্থানীয় পর্যায়ে সম্প্রসারিত হয়েছে, তেমনিভাবে জেলা পর্যায়ে জাগরণ সৃষ্টি হয়েছে। এ পর্যায়ে আরও ১০টি (চাঁদপুর, রাঙ্গামাটি, গোপালগঞ্জ, বাগেরহাট, নওগাঁ, পটুয়াখালি, দিনাজপুর, ঠাকুরগাঁও, মৌলভীবাজার ও নেত্রকোনা) জেলায় এ কর্মশালা আয়োজনে প্রতিটি জেলায় ১ লক্ষ টাকা করে মোট ১০.০০ লক্ষ টাকা এফ.ডি.আর. এর লভ্যাংশ থেকে বরাদ্দ প্রদান করা যেতে পারে।<br><br>মাননীয় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বলেন যেহেতু, নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয় শীর্ষক ২৭টি জেলায় ইতোমধ্যে কর্মশালা সম্পন্ন হয়েছে, সেহেতু ১০টি নতুন জেলায় কর্মশালা আয়োজনে প্রতিটি জেলায় ১ লক্ষ টাকা করে ১০.০০ লক্ষ টাকা এফ.ডি.আর. এর লভ্যাংশ থেকে খরচ করা যেতে পারে। | 'নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয়' শীর্ষক জেলা পর্যায়ে ১০টি কর্মশালা আয়োজনের জন্য প্রতিটি জেলায় ১ লক্ষ টাকা করে ১০.০০ লক্ষ টাকা এফ.ডি.আর. এর লভ্যাংশ থেকে প্রদান করা হবে। | সচিব<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>এবং<br>ব্যবস্থাপনা পরিচালক<br>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। |

| | | | |
|---|---|---|---|
| ২.৯ | **বিবিধঃ**<br>আলোচনার এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ১ম শ্রেণির প্রোগ্রামার এর ০১টি শূন্য পদে ও ৩য় শ্রেণির ০১জন ব্যক্তিগত সহকারী, ০১জন হিসাবরক্ষক, ০১জন ডাটা এন্ট্রি অপারেটরসহ মোট ০৪টি শূন্য পদে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের কার্যক্রম শুরু করার অনুমোদন প্রদান করা যেতে পারে। হিসাবরক্ষক অন্যত্র চাকুরি পেয়ে চলে যাওয়ায় উক্ত পদটি শূন্য হয় মর্মে তিনি সভাকে অবহিত করেন। | প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ১ম শ্রেণির প্রোগ্রামার এর ০১টি শূন্য পদে ও ৩য় শ্রেণির ০১জন ব্যক্তিগত সহকারী, ০১জন হিসাবরক্ষক, ০১জন ডাটা এন্ট্রি অপারেটরসহ মোট ০৪টি শূন্য পদে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের কার্যক্রম বিধিমত প্রক্রিয়ায় শুরু করা হবে। | ব্যবস্থাপনা পরিচালক প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। |

৩.০। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাননীয় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ড এর সপ্তম সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.০১.১৮
(মোস্তাফিজুর রহমান এম.পি.)
মন্ত্রী
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

২৬/০১/২০১৮
মো: নুরুল আমিন
ব্যবস্থাপনা পরিচালক (অতি: সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়